

শ্রীশ্রীহরি সঙ্গীত

৪১

৫৩ নং তাল-গড়খেমটা

করণ যুদ্ধ কর, ধনুক ধর শ্রীগুরুর সনে আপন মন হলে সই,
সমরে হবি জয়ী, মন শঙ্কা কি আছে মনে ॥

১। শ্রদ্ধারথে করি আরোহণ, ভজন পূজন অশ্ব জুড়ি করতে চল রণ।
সারথি সাজাও মন পবন, মনাভাই হানা দে গুরুর রণে ॥

২। অনুরাগে ছাড় ছুঙ্কার, জয় হরিবোল বলে দাও মন
ধনুকে টঙ্কায়।

সমরেতে হও অগ্রসহ, সাজায়ে সামর্থ সৈন্যগণে ॥

৩। জ্ঞান ধনুকে জুড়ে ভক্তিবাণ,
গুরুর প্রতি শীঘ্রগতি কর অনুসন্ধান।

সমরেতে হয়ে সাবধান, ভক্তিবাণ হান গুরুর চরণে ॥

৪। করণ যুদ্ধ করে গোলোকচাঁদ, হরিচাঁদকে প্রাপ্ত হ'ল
পেতে প্রেমের ফাঁদ।

তাই স্বহস্তে লিখলেন তারকচাঁদ,
হরিচাঁদ রামরূপ দেখায় হীরামনে ॥

৫। গৌসাই মহান্দ করিয়া গর্জন, ডেকে বলে অশ্বিনী তুই
যুদ্ধের কথা শোন।

যদি গুরুর সঙ্গে করিবি রণ, পলক মারিসনে দু'টি নয়নে ॥

৫৪ নং তাল-যৎ

ভক্তি রতন না থাকিলে, কৃষ্ণধন কি মিলে।

ভক্তির বাধ্য ভবাবাধ্য নন্দের বাঁধা রয় গোকুলে ॥

১। (হায়) ভক্তির গুণে ব্রজাঙ্গনা, কৃষ্ণ পতি পেলে।

ভক্তির গুণে রাইচরণে, স্বহস্তে দস্তখত দিলে ॥

২। ভক্তির গুণে প্রহ্লাদ ভক্ত কৃষ্ণ ধনকে পেলে।

ভক্তির জোরে, পাতাল পুরে বলী রাজার দ্বারী হলে ॥